~~01.03.2020~~

মোঃ শফিকুর রহমান
সিস্টেমস ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।
[ কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি শাখা]

নথি নং- ১৫(৪) শুল্ক: আ.বা.চু/বৈদেশিক প্রশিক্ষণ/২০১৯ (অংশ-১)/ ৬২ তারিখ: ২৬-০২-২০২০ খ্রিঃ।

**বিষয়: পাকিস্তানের ইসলামাবাদে "Tenth Meeting of the SAARC Sub-group on Customs Cooperation preceded by the Training Programme on Customs Enforcement Matters" শীর্ষক সভায় অংশগ্রহণের জন্য মনোনিত কর্মকর্তাগণের নামে সরকারি আদেশ জারী প্রসঙ্গে।**

সূত্র: পররাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং- ১৯.০০.০০০০.৩১২.৩৫.০১৬.১৭/১৪৬১, তারিখ- ২৮/০১/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ৩১ মার্চ - ০২ এপ্রিল, ২০২০ খ্রিঃ সময়ে পাকিস্তানের ইসলামাবাদে "Tenth Meeting of the SAARC Sub-group on Customs Cooperation preceded by the Training Programme on Customs Enforcement Matters" শীর্ষক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় অংশগ্রহণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বৈদেশিক প্রশিক্ষণ/সফর/সেমিনার/কর্মশালা বা অন্যান্য ক্ষেত্রে প্রার্থী মনোনয়নের লক্ষ্যে গঠিত কমিটির সুপারিশ এবং জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে নিম্ন ছকে বর্ণিত কর্মকর্তাগণকে মনোনয়ন প্রদান করা হয়েছে:

| ক্রঃ নং | বাংলায় | ইংরেজিতে |
|---|---|---|
| ১. | জনাব আকতার হোসেন<br>দ্বিতীয় সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)<br>জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।<br>ই-মেইল: adsust@gmail.com | Mr. Akter Hossen<br>Second Secretary (Customs: International Trade and Agreement), National Board of Revenue, Dhaka.<br>e-mail: adsust@gmail.com |
| ২. | জনাব মোঃ শাফায়েত হোসেন<br>দ্বিতীয় সচিব (কাস্টমস: অব্যাহতি ও প্রকল্প সুবিধা)<br>জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।<br>ইমেইল: customs.0201@gmail.com | Mr. Md. Shafayet Hossain<br>Second Secretary (Customs: Exemptions and Project Facilities), National Board of Revenue, Dhaka.<br>Email: customs.0201@gmail.com |

উল্লেখ্য যে, মনোনীত কর্মকর্তার যাবতীয় ব্যয় জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ করা হবে।

০২। এমতাবস্থায়, উক্ত সভায় অংশগ্রহণের নিমিত্ত বর্ণিত কর্মকর্তাগনের নামে সরকারি আদেশ জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: (১) নোটশীটের ফটোকপি;
(২) সূত্রোক্ত পত্র।

২১/02/2020
(আকতার হোসেন)
দ্বিতীয় সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)
ই-মেইল: adsust@gmail.com

সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[ দৃঃ আঃ অতিরিক্ত সচিব (শুল্ক)]

অনুলিপি (সদয় অবগতির জন্য) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

১। সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। জনাব আকতার হোসেন, দ্বিতীয় সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩। জনাব মোঃ শাফায়েত হোসেন, দ্বিতীয় সচিব (কাস্টমস: অব্যাহতি ও প্রকল্প সুবিধা) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪। দ্বিতীয় সচিব, কাস্টমস ও ভ্যাট প্রশাসন-১, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৬। পিএ টু সদস্য (শুল্ক: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]

১১। পত্র পৃষ্ঠা- ২৭-৩৫ সদয় দেখা যেতে পারে। পররাষ্ট্র মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং WCO হতে প্রাপ্ত পত্রসমূহের প্রেক্ষিতে সভা, কর্মশালা, প্রশিক্ষণ ও অন্যান্য কর্মসূচীতে উপযুক্ত কর্মকর্তা মনোনয়নের উদ্দেশ্যে এ সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ডের কমিটির সভা ২০-০২-২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় কর্মসূচীর ধরণ, প্রাসঙ্গিকতা ও আনুষঙ্গিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক পরবর্তী অনুচ্ছেদগুলোতে বর্ণিত কর্মকর্তাগণকে মনোনয়নের জন্য সুপারিশ করা হয়।

১২। পররাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্র (পত্র পৃষ্ঠা- ৩৪-৩৫) পর্যালোচনায় দেখা যায়, আগামী ৩১ মার্চ - ০২ এপ্রিল, ২০২০ খ্রিঃ সময়ে পাকিস্তানের ইসলামাবাদে "Tenth Meeting of the SAARC Sub-group on Customs Cooperation preceded by the Training Programme on Customs Enforcement Matters" শীর্ষক সভা অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে এ সভায় অংশগ্রহণের জন্য প্রস্তাবিত তারিখের বিষয়ে বোর্ডের সম্মতির প্রস্তাব অনুমোদিত হয়েছে এবং দুইজন প্রতিনিধি মনোনয়নের প্রস্তাবও অনুমোদিত হয়েছে। উল্লেখ্য, মনোনীত কর্মকর্তার **ভ্রমণ ব্যয় সহ আনুষঙ্গিক ব্যয় স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে নির্বাহ করতে হবে।** সার্বিক পর্যালোচনায়, কমিটির সদস্যগন উক্ত সভায় অংশগ্রহণের জন্য **জনাব মোঃ শাফায়েত হোসেন, দ্বিতীয় সচিব (কাস্টমস: অব্যাহতি ও প্রকল্প সুবিধা) এবং জনাব আকতার হোসেন, দ্বিতীয় সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)-কে মনোনয়নের জন্য সুপারিশ করেন।**

১৩। World Customs Organization (WCO) এর পত্র (পত্র পৃষ্ঠা- ৩৩) পর্যালোচনায় দেখা যায় যে, WCO কর্তৃক আগামী ২৫-২৭ মার্চ, ২০২০ খ্রিঃ তারিখে WCO এর সদর দপ্তর ব্রাসেলসে 23th Meeting of the SAFE Working Group (SWG)- শীর্ষক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় AEO, SAFE Framework of Standards ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হবে। উল্লেখ্য, **মনোনীত কর্মকর্তার ভ্রমণ ব্যয় সহ আনুষঙ্গিক ব্যয় স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে নির্বাহ করতে হবে।** সার্বিক পর্যালোচনায়, কমিটির সদস্যগন কর্তৃক উক্ত সভায় অংশগ্রহণের জন্য **ড. মোঃ নেয়ামুল ইসলাম, অতিরিক্ত কমিশনার (চঃদাঃ), কাস্টম হাউস, বেনাপোল-কে মনোনয়নের জন্য সুপারিশ করা হয়।**

১৪। **অর্থনৈতিক সম্পর্ক** বিভাগ হতে প্রাপ্ত পত্র পৃষ্ঠা- ২৭-৩২ সদয় দেখা যেতে পারে। পত্র এবং পত্রের সাথে সংযুক্ত দলিলাদি পর্যালোচনায় দেখা যায় যে, এডিবি'র উদ্যোগে আগামী ১২-১৩ মার্চ, ২০২০ খ্রিঃ তারিখে ভারতের কলকাতায় "Stakeholder Workshop on SASEC Routes Initiative Study along the Kolkata to Dhaka Route, Kolkata, India"- শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় অংশগ্রহণের জন্য জাতীয় রাজস্ব বোর্ড হতে ০৩ জন কর্মকর্তাকে মনোনয়নের জন্য অনুরোধ করা হয়েছে। কর্মশালায় **অংশগ্রহণ সংক্রান্ত যাবতীয় ব্যয় এডিবি হতে নির্বাহ করা হবে।** সার্বিক পর্যালোচনায়, কমিটি কর্তৃক এ কর্মশালায় অংশগ্রহণের জন্য **জনাব মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী, কমিশনার, কাস্টম হাউস, বেনাপোল, জনাব নাহিদ নওশাদ মুকুল, যুগ্ম কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর, জনাব মোহাম্মদ বাপ্পী শাহরিয়ার সিদ্দীকি, যুগ্ম কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা এবং জনাব মোঃ তারেক মাহমুদ, দ্বিতীয় সচিব (কাস্টমস আধুনিকায়ন ও প্রকল্প ব্যবস্থাপনা)**- কে মনোনয়নের জন্য সুপারিশ করছে।

১৫। নোটানুচ্ছেদ- ১২-১৪ এর সুপারিশসমূহ সদয় অনুমোদন করা যেতে পারে। প্রস্তাব অনুমোদিত হলে সুপারিশের আলোকে কর্মকর্তাগণের অনুকূলে সরকারি আদেশ জারির প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের অনুরোধ জানিয়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে এবং অনুচ্ছেদ ১৪ এর প্রস্তাবের আলোকে অর্থনৈতিক সম্পদ বিভাগে পত্র দেয়া যেতে পারে।

২৫/০২/২০২০
(আকতার হোসেন)
দ্বিতীয় সচিব (কাস্টমস)
ও
সদস্য সচিব, বিদেশ সফরে প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত কমিটি

(মোঃ জামাল হোসেন)
সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি)
ও
সদস্য, বিদেশ সফরে প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত কমিটি

(সৈয়দ গোলাম কিবরীয়া)
সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি)
ও
সদস্য, বিদেশ সফরে প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত কমিটি

২৫.০২.২০২০
(মোঃ সাইফুল ইসলাম)
সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন)
ও
সদস্য, বিদেশ সফরে প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত কমিটি

২৫.০২.২০২০
(খন্দকার মুহাম্মদ আমিনুর রহমান)
সদস্য (কাস্টমস নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য)
ও
আহ্বায়ক, বিদেশ সফরে প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত কমিটি

২৫/০২/২০২০